



জিন্নাহ এত প্রিয় হলে পাকিস্তানের নাগরিকত্ব নিক জামায়াত-শিবির: রাশেদ খান



রাশেদ খান। ছবি: সংগৃহীত

জামায়াত-শিবির ক্ষমতায় গেলে বাংলাদেশকে পাকিস্তানের অংশ বানাবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সংগ্রহশালায় পাকিস্তানের প্রতিষ্ঠাতা মুহাম্মদ আলী জিন্নাহর ছবি প্রদর্শন এরই একটি প্রমাণ। সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে নিজের ফেসবুক স্ট্যাটাসে এ মন্তব্য করেন তিনি। রাশেদ খান লেখেন, শিবির ডাকসুকে পুরোপুরি জামায়াতীকরণ করেছে এবং ডাকসু যেন শিবিরের প্রধান কার্যালয়ে পরিণত হয়েছে।

তিনি অভিযোগ করেন, ডাকসুতে দেশ ও ভাষাবিরোধীদের ছবি টাঙানো হয়েছে। তার মতে, ছবি প্রদর্শন করতে হলে ১৯৮১ সালে বায়তুল মোকাররমের সামনে জনগণের হাতে গোলাম আযমের জুতা নিক্ষেপের ছবিও রাখা উচিত।

জিন্নাহকে জামায়াত-শিবিরের এত পছন্দ হলে তাদের বাংলাদেশ ছেড়ে পাকিস্তানের নাগরিকত্ব নেওয়ার পরামর্শও দেন রাশেদ খান।

তিনি আরও বলেন, বাংলাদেশে অবস্থান করে দেশবিরোধী শক্তিকে প্রাসঙ্গিক করার সাহস জামায়াত-শিবির কোথা থেকে পায়, সেই প্রশ্ন রয়েছে। সময় থাকতে তাদের বিরুদ্ধে রাজনৈতিক প্রতিরোধ গড়ে তুলতে না পারলে তারা বাংলাদেশকে পাকিস্তানের অঙ্গরাজ্যে পরিণত করবে বলেও মন্তব্য করেন তিনি।